

প্রেসবিজ্ঞপ্তি

দুর্নীতি দমন কমিশন নিজস্ব গোয়েন্দা তথ্য এবং বিভিন্ন ভুক্তভোগীর নিকট থেকে প্রাপ্ত তথ্যে অবগত হয়েছে, সিরাজুল হকসহ বিভিন্ন নামে কমিশনের কর্মকর্তা পরিচয় দিয়ে এক বা একাধিক সংঘবদ্ধ প্রতারক চক্র সরকারি কর্মকর্তা-কর্মচারী, অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা-কর্মচারী, ব্যবসায়ী, বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তিবর্গ, ব্যাংক-বীমায় কর্মরত ব্যক্তিসহ বিভিন্ন পেশায় নিয়োজিত ব্যক্তিদের নিকট তাদের নামে কমিশনে কল্পিত অভিযোগ রয়েছে অথবা কমিশনের বিবেচনাধীন কোনো অভিযোগ হতে অব্যাহতি দেওয়ার কথা বলে টেলিফোনে অথবা মোবাইল ফোনে অনৈতিক আর্থিক সুবিধা দাবি করছে।

দুর্নীতি দমন কমিশন একটি সংবিধিবদ্ধ সংস্থা। এই সংস্থায় কোনো ব্যক্তির একক অভিপ্রায় অনুসারে অভিযোগ হতে অব্যাহতি পাওয়ার অথবা অভিযুক্ত হওয়ার কোনো আইনি সুযোগ নেই। কমিশন অনুসন্ধান বা তদন্ত সংক্রান্ত সকল প্রকার যোগাযোগ টেলিফোন বা মোবাইল ফোনে নিষিদ্ধ করেছে। কমিশনের এ সংক্রান্ত সকল যোগাযোগ কেবল লিখিত পত্রের মাধ্যমেই করা হয়। টেলিফোন বা মোবাইল ফোনে অভিযুক্ত ব্যক্তিদের সাথে যোগাযোগের কোনো প্রশাসনিক এবং আইনি সুযোগ নেই।

কমিশন এরূপ প্রতারকদের অবৈধ কর্মকান্ড- সম্পর্কে সকলকে সতর্ক থাকার অনুরোধ জানাচ্ছে। এ জাতীয় প্রতারকদের আইনের আওতায় আনার লক্ষ্যে এদের বিরুদ্ধে নিকটস্থ থানা অথবা র্যাব কার্যালয় অথবা দুদকের পরিচালক (মনিটরিং) টেলিফোন- ৯৩৫২৫৫২ এবং মোবাইল নং- ০১৭১১৬৪৪৬৭৫ এর সাথে যোগাযোগ করার জন্য বিনীত অনুরোধ করা হলো।